

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা।
ফ্যাক্স: ৯১১০৬৩৮

তথ্য অধিকার আইনে সহকারী ওয়াকফ প্রশাসককে জরিমানা

তথ্য অধিকার আইনে তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ না করা এবং আবেদনকারীর প্রার্থিত তথ্য না দেওয়ায় এমনকি তথ্য প্রদানের বিষয়ে ন্যূনতম উদ্যোগ গ্রহণ না করায় বাংলাদেশ ওয়াকফ প্রশাসক কার্যালয়ের সহকারী ওয়াকফ প্রশাসককে (উপ-সচিব) ৫ হাজার টাকা জরিমানা করেছে তথ্য কমিশন।

আজ ০৩ জুলাই, ২০১৮ রাজধানীর আগারগাঁও এর তথ্য কমিশন কার্যালয়ে এক শুনানীশেষে এ নির্দেশ দিয়েছে তথ্য কমিশন। শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি।



ওয়াকফ প্রশাসক বাংলাদেশ এর নিয়ন্ত্রণাধীন “আল-আমিন জামে মসজিদ ও এবতেদায়ী মাদ্রাসা ওয়াকফ এস্টেট (যাহার ইসি নং-১৭১১৪)” এর ওয়াফিক মরহুম আব্দুল মজিদ মিয়া কর্তৃক আল-আমিন জামে মসজিদ এর অজুখানার জন্য কোন ভূমি সুনির্দিষ্টভাবে ওয়াকফ করিয়াছিলেন কিনা? অজুখানার জন্য ওয়াকফ করিয়া থাকিলে কোন মৌজার কোন খতিয়ানের এবং কোন দাগের কতটুকু ভূমি ওয়াকফ করিয়াছিলেন? অজুখানার জন্য ওয়াকফকৃত (যদি সুনির্দিষ্টভাবে অজুখানার জন্য ওয়াকফ করা হইয়া থাকে) ভূমিতে অজুখানা নির্মাণ করা হইয়াছে কিনা প্রত্বতি তথ্য জানতে চেয়ে নারায়ণগঞ্জের জনাব শেখ আলী আহমদ বাংলাদেশ ওয়াকফ প্রশাসক কার্যালয়ের সহকারী ওয়াকফ প্রশাসক জনাব মোঃ রায়হান কাওসারের কাছে তথ্য অধিকার আইনে তথ্য প্রাপ্তির আবেদন করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন গ্রহণ না করে তাকে হয়রানি করেন এবং পুনরায় আবেদন করতে বলেন। তথ্য না পেয়ে আবেদনকারী পরবর্তীতে আপীল করেন। আপীল করেও তথ্য না পেয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

উক্ত অভিযোগের বিষয়ে তথ্য কমিশনে শুনানী অন্তে তথ্য অধিকার আইনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ৫ হাজার টাকা জরিমানা করা হয় এবং আগামী ০৭ দিনের মধ্যে আবেদনকারীর চাহিত তথ্য প্রদানের নির্দেশ দেওয়া হয়।

তথ্য কমিশনে আজ ১১টি অভিযোগের শুনানী শেষে ০৬টি অভিযোগের তাৎক্ষণিক নিষ্পত্তি করা হয়, ৩টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারণ করা হয় এবং ০২টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

E-mail: pro@infocom.gov.bd